গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সিআরভিএস অধিশাখা
www.cabinet.gov.bd

**বিষয়ঃ সিআরভিএস বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব মোঃ কামাল হোসেন, সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ।
সময় : ১১ অক্টোবর ২০২০ সকাল : ১১:৩০ ঘটিকা
স্থান : অনলাইন সভা (Zoom)

**অনলাইন উপস্থিতি: পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বাংলাদেশে সিআরভিএস-এর বিভিন্ন কার্যক্রমের সমন্বয় সাধন করা হচ্ছে। সিআরভিএস এর জাতীয় এবং আন্তর্জাতিক বিভিন্ন লক্ষ্য অর্জনে নিজ নিজ বিভাগ/দপ্তর/সংস্থাসমূহ তাদের কর্মকান্ড পরিচালনা করবেন মর্মে সভাপতি আশাবাদ ব্যক্ত করেন। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করার জন্য মন্ত্রিপরিষদ বিভাগের অতিরিক্ত সচিব (সমন্বয়) কে সভাপতি অনুরোধ করেন। অতিরিক্ত সচিব (সমন্বয়) গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতিসহ আলোচ্যসূচি অনুসারে উপস্থাপনা প্রদানের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের উপসচিব, সিআরভিএস অধিশাখাকে অনুরোধ করেন।

০২। উপসচিব (সিআরভিএস) তার উপস্থাপনায় উল্লেখ করেন যে গত ০৫ জুলাই ২০২০ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সকল সদস্যের নিকট প্রেরণ করা হয়েছে। গত সভার কার্যবিবরণীতে কোন সংশোধন এবং পরিমার্জন থাকলে তা জানানোর জন্য উপস্থিত সকল সদস্য কে অনুরোধ করা হয়। কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে উপস্থিত সদস্যগণ অভিমত প্রকাশ করে।

**সিদ্ধান্ত:** ২.১। সিআরভিএস বাস্তবায়ন কমিটির গত সভার কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে মর্মে উপস্থিত সদস্যগণ অভিমত প্রকাশ করায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকৃত করা হয়।

০৩। **আলোচ্যসূচি-০২: গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন।**

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন |
|---|---|---|
| ১ | ৪.১। আইন ও বিচার বিভাগ এর "সিভিল রেজিস্ট্রেশন এন্ড ভাইটাল স্ট্যাটিসটিক্স: বিবাহ ও তালাক নিবন্ধনের আইসিটি অবকাঠামো উন্নয়ন" সংক্রান্ত উন্নয়ন প্রকল্প প্রস্তাব (ডিপিপি) অনুমোদনের সর্বশেষ অবস্থা আগামী ৭ দিনের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বিগত ১৭ আগস্ট ২০২০ তারিখের ০৯১ নম্বর স্মারকে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। আইন ও বিচার বিভাগের যুগ্মসচিব (মতামত) মহোদয়ের সাথে টেলিফোনে আলোচনা ক্রমে জানা যায় যে প্রকল্পটি পরিকল্পনা কমিশনে রয়েছে এখনো অনুমোদন হয়নি। |

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন |
|---|---|---|
| ২ | ৪.২। "প্রাথমিক পর্যায়ের শিক্ষার্থীদের প্রোফাইল প্রণয়ন" সংক্রান্ত প্রকল্পটির শিক্ষার্থীদের প্রোফাইল প্রণয়ন সংক্রান্ত তথ্য ছকটি প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদনের পর অতিদ্রুত মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করার জন্য মহাপরিচালক প্রাথমিক শিক্ষা অধিদপ্তরকে অনুরোধ করা হলো। | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বিগত ১৬ আগস্ট ২০২০ তারিখের ৮৮ নম্বর স্মারকে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। মন্ত্রিপরষদ বিভাগে প্রেরিত প্রাথমিক পর্যায়ের শিক্ষার্থীদের প্রোফাইল প্রণয়ন সংক্রান্ত তথ্য ছকটি টেকনিক্যাল কমিটির সভায় উপস্থাপনের মাধ্যমে টেকনিক্যাল পরামর্শ গ্রহণ করা হয়েছে। অত্র সভায় বিস্তারিত আলোচনার জন্য উপস্থাপন করা হয়েছে। |
| ৩ | ৪.৩। প্রাথমিক পর্যায়ের শিক্ষার্থীদের প্রোফাইল প্রণয়নে Unique ID (UID) ব্যবহারের জন্য প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এবং রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন এর মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক প্রাথমিক শিক্ষা অধিদপ্তরকে অনুরোধ করা হলো। | প্রাথমিক পর্যায়ের শিক্ষার্থীদের প্রোফাইল প্রণয়নে Unique ID (UID) ব্যবহারের জন্য প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক একটি খসড়া সমঝোতা স্মারক রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। প্রকল্পের পক্ষ থেকে প্রেরণ না করে অধিদপ্তরের পক্ষ থেকে সমঝোতা স্মারকটি প্রেরণের জন্য রেজিস্ট্রার জেনারেল সভায় অনুরোধ করেন। |
| ৪ | ৪.৪। Unique ID (UID) ব্যবহারের জন্য ব্যানবেইস এবং রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন এর মধ্যে সংশোধিত সমঝোতা স্মারকটি অতিদ্রুত স্বাক্ষরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধনকে অনুরোধ করা হলো। | গত ৩০-০৯-২০২০ তারিখে ব্যানবেইস এবং রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন এর মধ্যে সমঝোতা স্মারকটি স্মাক্ষর হয়েছে। |
| ৫ | **৫.১** বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল হতে OpenCRVS সফটওয়্যার এর penetration এবং security টেস্টিং এর ফলাফলের উপর ভিত্তি করে প্লান ইন্টারন্যাশনাল বাংলাদেশকে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। | OpenCRVS সফটওয়্যার এর penetration এবং security টেস্টিং এর ফলাফলের উপর ভিত্তি করে প্লান ইন্টারন্যাশনাল বাংলাদেশ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছে মর্মে ৩১ আগস্ট ২০২০ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগকে জানানো হয়েছে। |

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন |
|---|---|---|
| ৬ | ৬.১.১ সিআরভিএস সংশ্লিষ্ট বিভিন্ন সিস্টেম তৈরির সময় প্রত্যেক দপ্তর/সংস্থা কর্তৃক সংগৃহীত ডাটা কোন সার্ভারে hosting করা হবে তার জন্য পূর্ব থেকেই একটি Data Deployment Plan করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। সিআরভিএস সংশ্লিষ্ট সকল দপ্তর/সংস্থাকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের এটুআই প্রোগ্রাম এবং বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এর সঙ্গে পরামর্শক্রমে Bangladesh National Digital Architecture (BNDA) অনুসরণ করে ডাটাবেইজ প্রণয়নের জন্য অনুরোধ করা হলো। | গত ০১ সেপ্টেম্বর ২০২০ তারিখে ১১০ নম্বর স্মারকে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ বিভাগসমূহকে বিষয়টি অবহিত করা হয়েছে। |
| ৭ | ৬.২.১ সিআরভিএস সংশ্লিষ্ট BDRIS2, Social Security Program (SSP), DHIS2, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং ব্যানবেইজের স্টুডেন্ট প্রোফাইল সংক্রান্ত সিস্টেমের সাথে ISDP এর সংযোগকে ত্বরান্বিত করার লক্ষ্যে উল্লিখিত মন্ত্রণালয়/বিভাগসহ সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয়/ বিভাগের সমন্বয়ে আগামী এক মাসের মধ্যে একটি কর্মশালা আয়োজনের জন্য এটুআই প্রোগ্রাম, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগকে অনুরোধ করা হলো। | মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গত ০১/০৯/২০২০ তারিখের ১১০ নম্বর স্মারকের সংশ্লিষ্ট বিভাগে পত্র প্রেরণ করা হয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগের যুগ্মসচিব, ই-গভর্নেন্স, অধিশাখার সাথে আলোচনাক্রমে ০১/১০/২০২০ তারিখে ১৩৮ নম্বর স্মারকে কর্মশালাটি অক্টোবর মাসের তৃতীয় সপ্তাহে আয়োজনের জন্য পুনরায় পত্র দেয়া হয়েছে। |
| ৮ | ৬.৩.১। রেজিস্ট্রার জেনারেল জন্ম এবং মৃত্যু নিবন্ধন কার্যালয়ের জন্ম ও মৃত্যু সংক্রান্ত তথ্য এবং স্বাস্থ্য অধিদপ্তরে সংরক্ষিত মৃত্যুর তথ্য থেকে প্রয়োজনীয় ভাইটাল স্ট্যাটিসটিক্স তৈরির জন্য আরো কী কী Variable সংযোজন বিয়োজনের প্রয়োজন হবে সে সংক্রান্ত প্রয়োজনীয় পরামর্শ প্রদানের জন্য যথাক্রমে রেজিস্ট্রার জেনারেল জন্ম এবং মৃত্যু নিবন্ধন এবং স্বাস্থ্য অধিদপ্তরের সঙ্গে দুইটি পৃথক অনলাইন সভা করার জন্য মহাপরিচালক বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোকে অনুরোধ করা হলো। | বর্ণিত বিষয়ে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো গত ০৩ এবং ০৮ সেপ্টেম্বর তারিখে সভা করেছেন এবং সভায় জন্ম ও মৃত্যু সংক্রান্ত তথ্য থেকে প্রয়োজনীয় ভাইটাল স্ট্যাটিসটিক্স তৈরির জন্য আরো কী কী Variable সংযোজন বিয়োজনের প্রয়োজন হবে সে বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করে বাস্তবায়নের জন্য রেজিস্ট্রার জেনারেল জন্ম এবং মৃত্যু নিবন্ধন কার্যালয় বরাবর কার্যবিবরণী প্রেরণ করেছেন। |

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন |
|---|---|---|
| ৯ | ৬.৩.২। সারাদেশে হাসপাতালের বাইরে মৃত্যুবরণকারীদের কত সংখ্যক জনগোষ্ঠীর মৃত্যুর সঠিক কারণ Verbal Autopsy (VA) বা বাচনিক ময়না তদন্তের মাধ্যমে করা হলে তা জাতীয় এবং আন্তর্জাতিক ক্ষেত্রে পরিসংখ্যানগত ভাবে গৃহীত হবে তার একটি Sample Size নির্ধারণ করে দেয়ার জন্য মহাপরিচালক বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোকে অনুরোধ করা হলো। | বর্ণিত বিষয়ে গত ১০ সেপ্টেম্বর ২০২০ তারিখে সভা করে তার একটি Sample Size নির্ধারণ করেছেন। আলোচনায় অংশ গ্রহণ করে সিআরভিএস কান্ট্রি কোঅর্ডিনেটর জনাব আলী আকবর আশরাফি উক্ত Sample Size অনুসারে সারাদেশে VA কার্যক্রম স্বাস্থ্য অধিদপ্তরের মাধ্যমে পরিচালনার উপর সভায় গুরুত্বারোপ করেন। |
| ১০<br><br><br><br><br><br><br>১১ | **৬.৪.১।** হাসপাতাল থেকে নিয়মিত MCCoD এর মাধ্যমে Mortality Report স্বাস্থ্য অধিদপ্তরের DHIS-2 তে প্রেরণের জন্য যে সকল হাসপাতালে জনবল সংকট রয়েছে সে সকল হাসপাতালে ad-hoc ভিত্তিতে প্রয়োজনীয় জনবল (statistician) প্রদানের জন্য মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তরকে অনুরোধ করা হলো।<br><br>**৬.৪.২।** হাসপাতাল পরিবীক্ষণকারী সকল উর্ধ্বতন কর্তৃপক্ষ যাতে MCCoD এর মাধ্যমে প্রেরিত Mortality Report এর তথ্য হাসপাতাল ভিত্তিক নিয়মিত পরিবীক্ষণ করতে পারে সেজন্য একটি ড্যাশবোর্ডের স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তরকে অনুরোধ করা হলো।<br><br>**৬.৪.২।** হাসপাতালে মৃত ব্যক্তির মৃত্যুর কারণ নির্ধারণের জন্য ব্যবহৃত MCCoD ফর্মটি গেজেট আকারে প্রকাশ এবং এসআরও এর মাধ্যমে ফরমে নম্বর সন্নিবেশ করার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তরকে অনুরোধ করা হলো। | জনবলের বিষয়ে স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে সভায় জানানো হয় যে ৮৩৯ টি statistician এবং ১১০টি কোডার এর পদ সৃজনের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে অনুমোদনের অপেক্ষায় আছে। উক্ত প্রস্তাব অনুমোদন হলে জনবলের চাহিদা পূরণ করা সম্ভব হবে। এবং ad-hoc ভিত্তিতে ১৮০ জন ডাটা এন্ট্রি অপারেটর COVID-19 এর RT-PCR ল্যাবে কর্মরত আছে। তাদের মধ্য হতে ০৩ জন হাসপাতালগুলো থেকে MCCoD এর মাধ্যমে Mortality Report স্বাস্থ্য অধিদপ্তরে প্রেরণ করছেন। MCCoD এর মাধ্যমে প্রেরিত Mortality Report এর তথ্য হাসপাতাল ভিত্তিক নিয়মিত পরিবীক্ষণ সংক্রান্ত ড্যাশবোর্ড সংক্রান্ত কার্যক্রম আগামী ৭ দিনের মধ্যে সম্পন্ন হবে মর্মে সভায় জানানো হয়। |
| ১২ | **৬.৫.১।** Rapid Mortality Surveillance এর কার্যক্রম বর্তমানে চলমান ১৩ টি উপজেলা হতে মন্ত্রিপরিষদ বিভাগের আওতাধীন সিআরভিএস সংক্রান্ত প্রকল্পের প্রকল্প এলাকাভুক্ত ৯ টি জেলার সকল উপজেলায় সম্প্রসারণের জন্য মহাপরিচালক স্বাস্থ্য অধিদপ্তরকে অনুরোধ করা হলো। | বর্ণিত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গত ১৮/০৮/২০২০ তারিখের ০৯৪ নম্বর স্মারকপত্রের মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগকে অবহিত করা হয়েছে। |

| ক্রমিক | সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন |
|---|---|---|
| ১৩ | ৬.৬.১। UNESCAP -CRVS Regional Action Framework সংক্রান্ত মধ্যমেয়াদি অগ্রগতি প্রতিবেদনে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়, স্বাস্থ্য সেবা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক প্রস্তাবিত টার্গেটসমূহ নির্দিষ্ট সময়ের মধ্যে অর্জনের জন্য নিজ নিজ কার্যালয়ের বিস্তারিত কর্মপরিকল্পনা প্রণয়ন পূর্বক আগামী একমাসের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। | বর্ণিত সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক গত ১৮/০৮/২০২০ এবং ২৪/০৮/২০২০ তারিখের ৯৫ ও ১০২ নম্বর স্মারকপত্রের মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগকে অবহিত করা হয়েছে।<br><br>বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো থেকে কর্মপরিকল্পনা পাওয়া গিয়েছে অন্যান্য দপ্তর/সংস্থা থেকে প্রতিবেদন পাওয়া যায়নি। |

**সিদ্ধান্ত:** ৩.১। হাসপাতালের বাইরে মৃত্যুবরণকারীদের জনগোষ্ঠীর মৃত্যুর সঠিক কারণ Verbal Autopsy (VA) এর মাধ্যমে নির্ধারণের জন্য বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো থেকে যে Sample Size নির্ধারণ করে দেয়া হয়েছে তা অনুসারে সারাদেশে VA এর কার্যক্রম Scale up করার বিষয়ে মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

০৪। **আলোচ্যসূচি-০৩: বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সিআরভিএস সম্পর্কিত প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা।**

সভায় আইন ও বিচার বিভাগের পক্ষ থেকে জানানো হয় যে “সিভিল রেজিস্ট্রেশন এন্ড ভাইটাল স্ট্যাটিসটিক্স: বিবাহ ও তালাক নিবন্ধনের আইসিটি অবকাঠামো উন্নয়ন” সংক্রান্ত উন্নয়ন প্রকল্প প্রস্তাবটি (ডিপিপি) অনুমোদনের জন্য পরিকল্পনা কমিশনে অপেক্ষমান আছে। প্রকল্প প্রস্তাবটি অনুমোদনের বিষয়ে পরিকল্পনা কমিশন কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের উপর সভায় গুরুত্বারোপ করা হয়।

সিআরভিএস সংক্রান্ত প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক গৃহীত প্রকল্পে শিক্ষার্থীদের প্রোফাইল প্রণয়ন সংক্রান্ত সফটওয়্যার ডেভলাপমেন্ট এর কার্যক্রম চলমান রয়েছে। শিক্ষার্থীদের প্রোফাইল প্রণয়ন সংক্রান্ত তথ্য ফরম এর উপর টেকনিক্যাল মতামতের সাথে অত্র সভায় একমত পোষণ করা হয়। উচ্চ মাধ্যমিক পর্যায়ের জন্য অনুমোদিত শিক্ষার্থীদের প্রোফাইল প্রণয়ন সংক্রান্ত ছকের সাথে প্রাথমিক পর্যায়ের শিক্ষার্থীদের প্রোফাইল প্রণয়ন সংক্রান্ত ফরমের সাথে যেন interoperable হয় সে বিষয়টি নিশ্চিত করার বিষয়ে ব্যানবেইস এর পক্ষ থেকে সভায় অনুরোধ করা হয়।

বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) এর এস্টাবলিশমেন্ট অব ইন্টিগ্রেটেড এডুকেশনাল ইনফরমেশন ম্যানেজম্যেন্ট সিস্টেম (IEIMS) প্রকল্পের সিনিয়র ম্যানেজম্যান্ট এক্সপার্ট সভায় জানান যে উক্ত প্রকল্পের আওতায় শিক্ষার্থীর প্রোফাইল সংক্রান্ত তথ্যছক পূরণসহ বর্ণিত সিস্টেম পরিচালনার জন্য মাঠ পর্যায়ের ৬০০ মাস্টার ট্রেইনার এবং ৯৬ হাজার ট্রেইনি এর জন্য আগামী নভেম্বর ২০২০ থেকে প্রশিক্ষণ শুরু করা হবে। জানুয়ারি ২০২১ থেকে অর্থাৎ মুজিব বর্ষের মধ্যেই মাধ্যমিক পর্যায়ে শিক্ষার্থী ভর্তি কার্যক্রমকে বর্ণিত সিস্টেমের আওতায় আনা সম্ভব হবে। উক্ত সিস্টেমে UID ব্যবহারের জন্য ব্যানবেইস এবং ORG এর মধ্যে Process Mapping এর বিষয়টি দ্রুত সম্পন্ন করার প্রয়োজনীয়তা সম্পর্কে তিনি সভাকে অবহিত করেন।

পরিবার পরিকল্পনা অধিদপ্তর Routine Health Information System (RHIMS) কে শক্তিশালীকরণে electronic Management Information System (eMIS) initiative গ্রহণ করেছে। উক্ত eMIS এর মাধ্যমে কমিউনিটি লেভেল স্বাস্থ্য কর্মীদের কাজের Business Process কে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে অটোমেশন করা হয়েছে। উল্লেখ্য যে eMIS এর মাধ্যমে ইউনিয়ন পর্যায়ে কর্মরত স্বাস্থ্য কর্মীরা পরিবার পরিকল্পনা অধিদপ্তর হতে সেবা গ্রহণকারীগণের তথ্য লিপিবদ্ধ করেন একই সাথে স্বাস্থ্য কর্মীরা মায়েদের গর্ভপূর্ববর্তী এবং গর্ভপরবর্তী সেবা প্রদান সংক্রান্ত তথ্য ও লিপিবদ্ধ করেন যেখানে সদ্য ভূমিষ্ট শিশুর তথ্য ও লিপিবদ্ধ থাকে। উক্ত কার্যক্রমের মাধ্যমে ৩২টি

জেলার ২৬২ টি উপজেলার ২০১৫ থেকে ২০২০ সাল পর্যন্ত প্রায় ২ কোটি মা এবং শিশুর তথ্য eMIS এ লিপিবদ্ধ আছে। আলোচনায় অংশ গ্রহণ করে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের এম আই এস ইউনিটের ডেপুটি ডাইরেক্টর জানান যে একটি শিশু জন্মের সর্বোচ্চ দুইমাসের মধ্যে তার তথ্য eMIS এ লিপিবদ্ধ করা হয়। বর্ণিত eMIS এ সংরক্ষিত শিশুর জন্মের ঘটনার নোটিফিকেশন লিপিবদ্ধ করার সাথে সাথে BDRIS এ প্রেরণ করা হলে আইন অনুসারে নির্ধারিত সময়ের মধ্যে উক্ত শিশুদের জন্ম নিবন্ধন করা সম্ভব হবে। উক্ত কার্যক্রম বাস্তবায়নের জন্য দুই পক্ষের মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের প্রয়োজনীয়তা রয়েছে মর্মে উপস্থিত সদস্যগণ সভাকে জানান।

**সিদ্ধান্ত:** ৪.১। আইন ও বিচার বিভাগ এর "সিভিল রেজিস্ট্রেশন এন্ড ভাইটাল স্ট্যাটিসটিক্স: বিবাহ ও তালাক নিবন্ধনের আইসিটি অবকাঠামো উন্নয়ন" সংক্রান্ত উন্নয়ন প্রকল্প প্রস্তাবটি (ডিপিপি) অনুমোদনের বিষয়ে পরিকল্পনা কমিশনের আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ প্রায়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**সিদ্ধান্ত:** ৪.২। "প্রাথমিক পর্যায়ের শিক্ষার্থীদের প্রোফাইল প্রণয়ন" সংক্রান্ত তথ্য ছকটি টেকনিক্যাল মতামত এবং ব্যানবেইসের ফর্মের সাথে interoperability বজায় রাখার শর্তে অনুমোদনের বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সিআরভিএস অধিশাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**সিদ্ধান্ত:** ৪.৩। Unique ID (UID) ব্যবহারের জন্য ব্যানবেইস এবং ORG এর সিস্টেমদ্বয়ের মধ্যে Process Mapping এর বিষয়টি অতিদ্রুত সম্পন্ন করার বিষয়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

**সিদ্ধান্ত:** ৪.৪। মহাপরিচালক পরিবার পরিকল্পনা অধিদপ্তর কে সিআরভিএস বাস্তবায়ন কমিটিতে কোঅপ্ট করার বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সিআরভিএস অধিশাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**সিদ্ধান্ত:** ৪.৫। পরিবার পরিকল্পনা অধিদপ্তরের eMIS এ সংরক্ষিত শিশুর জন্মের ঘটনার নোটিফিকেশন BDRIS এ প্রেরণের নিমিত্ত রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়ের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরের বিষয়ে মহাপরিচালক পরিবার পরিকল্পনা অধিদপ্তর প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।

**০৫। আলোচ্যসূচি-০৪: বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সিআরভিএস সম্পর্কিত কার্যক্রমের অগ্রগতি সংক্রান্ত আলোচনা:**

রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়ের কার্যক্রম সংক্রান্ত আলোচনায় অংশগ্রহণ করে রেজিস্ট্রার জেনারেল জনাব মানিক লাল বনিক জানান যে BDRIS এর মাধ্যমে শিশুর জন্ম সনদে নির্বাচন কমিশন কর্তৃক প্রবর্তিত UID ব্যবহারের নিমিত্ত সিস্টেমদ্বয়ের মধ্যে টেকনিক্যাল পর্যায়ে টেস্টিং এর কার্যক্রম চলমান রয়েছে। এ বিষয়ে মহাপরিচালক, এনআইডি, নির্বাচন কমিশন জানান যে সকল সিস্টেমে নাগরিকের Uniqueness বজায় রাখার জন্য অতি দ্রুত শিশুর জন্ম সনদে UID ব্যবহার নিশ্চিত করা প্রয়োজন। BDRIS এর মাধ্যমে সংরক্ষিত নাগরিকের তথ্যের Privacy এবং Data Security বিষয়ে জাতীয় এবং আন্তর্জাতিক মানদন্ড নিশ্চিত করার উপর সভায় গুরাত্বারোপ করা হয়। জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত তথ্য থেকে পরিসংখ্যান তৈরির বিষয়ে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক যে সুপারিশ করা হয়েছে তা বাস্তবায়নের জন্য রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়, স্বাস্থ্য অধিদপ্তর এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো এর মধ্যে জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় সংখ্যক সভা করার বিষয়ে উপস্থিত সদস্যগণ একমত পোষণ করেন। UNESCAP এর CRVS Regional Action Framework এ ২০২৪ এর মধ্যে জন্ম এবং মৃত্যু নিবন্ধনের যে টার্গেটের অঙ্গীকার করা হয়েছে তা অর্জনের জন্য দেশের সকল জেলাপ্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লিখিত টার্গেটসমূহকে অন্তর্ভুক্ত করার প্রয়োজনীয়তা রয়েছে মর্মে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন সভাকে জানায়।

স্বাস্থ্য সেবা বিভাগ থেকে জানানো হয় যে DHIS2 এর সাথে BDRIS এর Integration এর জন্য আরো একটি Test Environment প্রয়োজন। উক্ত Test Environment এর লিঙ্ক প্রেরণসহ সংশ্লিষ্ট Variable গুলো ব্যবহারের বিষয়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়ের সম্মতির প্রয়োজন রয়েছে মর্মে সভায় উল্লেখ করা হয়। দেশের সকল হাসপাতালগুলোতে MCCoD Scale up সংক্রান্ত আলোচনায় অংশগ্রহণ করে স্বাস্থ্য অধিদপ্তর জানান যে সারাদেশে সরকারি হাসপাতালের সংখ্যা প্রায় ৭০০ এবং ইতোমধ্যে মন্ত্রিপরিষদ বিভাগের সহায়তায় প্রায় ১১০ টি সরকারি বেসরকারি হাসপাতালে MCCoD চালু করা হয়েছে। এ বিষয়ে আরো জানানো হয় যে ২০২১-২২ এবং ২০২২-২৩ অর্থবছরের মধ্যে অবশিষ্ট হাসপাতালগুলোতে MCCoD চালুর নিমিত্ত মাস্টার ট্রেইনারগণের প্রশিক্ষণ সম্পন্ন করা হবে। Extended Program of Immunization (EPI) এর কার্যক্রম ডিজিটাল করণ সংক্রান্ত পাইলটটি আগামী ৪ বছরে সারাদেশের ১৫ টি জেলা এবং ৪ টি সিটি কর্পোরেশনে UNICEF এর সহায়তায় Scale up করা হবে। উক্ত Scale up এর সময় EPI এর কার্যক্রম এর সাথে BDRIS এর Integration এর বিষয়টি নিশ্চিত করার উপর সভায় গুরুত্বারোপ করা হয়।

**সিদ্ধান্ত:** ৫.১। BDRIS এর মাধ্যমে শিশুর জন্ম সনদে UID ব্যবহারের বিষয়টি আগামী ৩০/১২/২০২০ এর মধ্যে নিশ্চিত করার বিষয়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

**সিদ্ধান্ত:** ৫.২। BDRIS এর মাধ্যমে সংরক্ষিত নাগরিকের তথ্যের Privacy এবং Data Security বিষয়ে জাতীয় এবং আন্তর্জাতিক মানদণ্ড নিশ্চিত করার নিমিত্ত রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

**সিদ্ধান্ত:** ৫.২। জন্ম ও মৃত্যু নিবন্ধন এবং MCCoD সংক্রান্ত তথ্য থেকে vital statistics তৈরির বিষয়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়, স্বাস্থ্য অধিদপ্তরের সাথে জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় সংখ্যক সভা করে আগামী ৩০/১২/২০২০ এর মধ্যে মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো বিষয়টি নিস্পত্তি করবেন।

**সিদ্ধান্ত:** ৫.৩। UNESCAP এর CRVS Regional Action Framework এ ২০২৪ এর মধ্যে জন্ম এবং মৃত্যু নিবন্ধনের যে টার্গেট অঙ্গীকার করা হয়েছে তা অর্জনের জন্য দেশের সকল জেলাপ্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার এর বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লিখিত টার্গেটসমূহকে অন্তর্ভুক্ত করার বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের কর্মসম্পাদন নীতি ও মূল্যায়ন অধিশাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**সিদ্ধান্ত:** ৫.৪। DHIS2 এর সাথে BDRIS এর Integration এর জন্য Test Environment সহ অন্যান্য কার্যক্রম গ্রহণের মাধ্যমে বিষয়টি আগামী ৩০/১২/২০২০ এর মধ্যে নিশ্চিত করার জন্য রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

**সিদ্ধান্ত:** ৫.৫। Extended Program of Immunization (EPI) এর কার্যক্রম ডিজিটাল করণ সংক্রান্ত পাইলটটি Scale up এর সময় EPI এর কার্যক্রমের সাথে BDRIS এর Integration এর বিষয়টি মহাপরিচালক স্বাস্থ্য অধিদপ্তর নিশ্চিত করবেন।

**০৬। আলোচ্যসূচি-০৫: বিবিধ:**

**৬.১। CRVS সংক্রান্ত Data Hosting এবং Data Deployment Plan সংক্রান্ত আলোচনা:**

আলোচনায় অংশ গ্রহণ করে মন্ত্রিপরিষদ বিভাগের যুগ্মসচিব ই-গভর্ন্যান্স অধিশাখা সভায় জানান যে গত সভার Data Deployment Plan এবং Bangladesh National Digital Architecture (BNDA) প্রতিপালন সংক্রান্ত ৬.১.১ সিদ্ধান্তটি সিআরভিএস সংশ্লিষ্ট সকল দপ্তর সংস্থার জন্য পরিপত্র আকারে জারি করলে তার গুরুত্ব বৃদ্ধি পাবে। বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এর পরিচালক জনাব এহসানুল পারভেজ সভায় জানান যে Data Hosting এর জন্য বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের ফোরজি Data Center রয়েছে। তিনি আরো জানান যে সিআরভিএস সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর/সংস্থার Data বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের Data Center এ Hosting করার জন্য প্রত্যেকে ডাটাবেইজের জন্য বর্তমানে এবং ভবিষতে অর্থাৎ আগামী ১০-৫০ বছরে সম্ভাব্য কি পরিমাণ Space (Slot) প্রয়োজন হবে

তা বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের জানা থাকা প্রয়োজন। একই সাথে তাদের ডাটাবেইজ Peak-hour এ অথবা Off-peak-hour এ কত জন ব্রাউজ করবে অথবা ব্যবহার করবে ডাটাবেইজের Server সংখ্যা Dedicate করার জন্য User এর সম্ভাব্য সেই সংখ্যাটি বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের জানা থাকা প্রয়োজন।

**সিদ্ধান্ত:** ৬.১.১ সিআরভিএস সংশ্লিষ্ট প্রতিটি দপ্তর/সংস্থার ডাটাবেইজের জন্য বর্তমানে এবং ভবিষতে সম্ভাব্য কি পরিমাণ Space (Slot) প্রয়োজন হবে এবং Peak-hour এ অথবা Off-peak-hour এ কত জন ব্রাউজ করবে অথবা ব্যবহার করবে তা উল্লেখ পূর্বক গত সভার ৬.১.১ সিদ্ধান্তটি পরিপত্র আকারে জারি করার বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সিআরভিএস অধিশাখা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

**৬.২। CRVS Strategic Action Plan (WHO-SEARO) প্রণয়ন সংক্রান্ত আলোচনা:**

এশিয়া প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের দেশসমূহের সিআরভিএস সংক্রান্ত কর্মকান্ড সমন্বয় সাধন করে থাকে জাতিসংঘের অন্যতম একটি সংস্থা Economic and Social Commission of Asia and the Pacific (ESCAP)। ESCAP এর সিআরভিএস সংক্রান্ত Regional Action Framework (RAF) প্রতিবেদনে সদস্য দেশসমূহ কর্তৃক ২০২৪ এর মধ্যে জন্ম ও মৃত্যু নিবন্ধন ও মৃত্যুর কারণ নির্ণয়ে নির্ধারিত টার্গেট অর্জনে অঙ্গীকার করা হয়েছে। উক্ত টার্গেট অর্জনের নিমিত্ত সদস্য দেশসমূহের জন্য CRVS Strategic Action Plan প্রণয়নে Technical Support প্রদানের জন্য ESCAP কর্তৃক World Health Organization(WHO) এর South Asian Regional Office (SEARO) কে দায়িত্ব প্রদান করা হয়। উক্ত বিষয়ে বাংলাদেশসহ দক্ষিণ এশিয়ার মোট ৭ টি দেশে একই ধরণের Technical Support প্রদান করা হবে। সাতটি দেশকে দুইটি Cluster এ ভাগ করা হয়েছে। বাংলাদেশ, ভারত , নেপাল, ভুটান কে নিয়ে Cluster-1 এবং মায়ানমার, ইন্দোনেশিয়া, তিমুর লেসথে কে নিয়ে Cluster-2 গঠন করা হয়েছে। বর্ণিত উদ্দেশ্য বাস্তবায়নে গত ০৯ সেপ্টেম্বর ২০২০ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রতিনিধিগণের সমন্বয়ে একটি কান্ট্রি টিম গঠন করা হয়েছে। কান্ট্রি টিমের সদস্যগণকে নিয়ে WHO-SEARO কর্তৃক একাধিক ক্লাস্টার কর্মশালা আয়োজন করা হয়েছে। উক্ত ক্লাস্টার কর্মশালায় CRVS Improvement Framework এর বিষয়ে উপস্থাপন করা হয়। CRVS Improvement Framework এর মাধ্যমে CRVS Strategic Action Plan প্রণয়নের জন্য সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর/সংস্থার জন্য Key Performance Indicators (KPI) নির্ধারণ পূর্বক প্রেরণ করা হয়েছে। সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর/সংস্থা কর্তৃক বর্ণিত KPI এর নিজ নিজ অংশ পূরণসহ CRVS Strategic Action Plan প্রণয়নের অন্যান্য কার্যক্রম সম্পাদনের উপর সভায় গুরুত্বারোপ করা হয়।

**সিদ্ধান্ত: ৬.২.১।** WHO-SEARO এর সহযোগিতায় CRVS Strategic Action Plan প্রণয়নের অংশ হিসাবে Key Performance Indicators (KPI) এর নিজ নিজ অংশ পূরণসহ অন্যান্য কার্যক্রম সম্পন্ন করার বিষয়ে রেজিস্ট্রার জেনারেল, জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যালয়, মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর এবং মহাপরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

০৭। পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত করেন।

২৭/১২/২০২০

মোঃ কামাল হোসেন
সচিব, সমন্বয় ও সংস্কার
মন্ত্রিপরিষদ বিভাগ।